কোন দেশের কাছে কত পরমাণু বোমা রয়েছে?

প্রথমত একটা জিনিস বলে স্পষ্ট করে দেয়া দরকার, সরকারি নথিতে কোনও দেশের কাছে যতগুলো পারমাণবিক বোমা থাকার কথা উল্লেখ করা হয়, বাস্তবে দেখা যায়, তারচেয়ে বহুগুণ বেশিই বোমা মজুত রয়েছে। সে সব খবর গুপ্তচরদের মারফৎ পৌঁছে যায় শত্রু দেশগুলোর কাছে।

এই প্রতিবেদনে দেখে নেয়া যাক, কোন কোন দেশের কাছে কয়টি (বলা ভাল শত বা হাজার) পরমাণু বোমা সরকারিভাবে মজুত রয়েছে। বর্তমানে বিশ্বের নয়টি দেশের কাছে ১৬,৩০০ পারমাণবিক বোমা আছে। তবে এ সব বোমার সংখ্যা কমানোর চেষ্টা অব্যাহত রয়েছে।
রাশিয়া
স্টকহোম ইন্টারন্যাশনাল পিস রিসার্চ ইন্সটিটিউট সিপ্রি-র তথ্য অনুসারে রাশিয়ার কাছে বর্তমানে সবচেয়ে বেশি পারমাণবিক বোমা রয়েছে। সে দেশে বোমার সংখ্যা সাড়ে সাত হাজারের বেশি। ১৯৪৯ সালে সেদেশ প্রথম পারমাণবিক পরীক্ষা হয়েছিল।

মার্কিন যুক্তরাষ্ট্র
মার্কিন যুক্তরাষ্ট্রই প্রথম পারমাণবিক বোমা বানিয়েছিল এবং একমাত্র দেশ যারা এটা যুদ্ধে ব্যবহারও করেছে। দেশটির এখন সাত হাজারের বেশি পারমাণবিক বোমা রয়েছে।

সাবমেরিনে পারমাণবিক বোমার প্রযুক্তি রয়েছে রাশিয়ার
ফ্রান্সের কাছে নিউক্লিয়ার ওয়ারহেড আছে তিনশো’র মতো। এগুলোর অধিকাংশই রয়েছে সাবমেরিনে। দেশটির অন্তত একটি সাবমেরিন সবসময় পারমাণবিক বোমা নিয়ে টহল দেয়৷

চীন
অনুমান, আড়াইশো’র মতো পারমাণবিক বোমা আছে চীনের কাছেও। রাশিয়া বা মার্কিন যুক্তরাষ্ট্রের তুলনায় সংখ্যাটা কম হলেও দেশটি ধীরে ধীরে এই সংখ্যা বাড়াচ্ছে। স্থল, আকাশ বা সমুদ্রপথে বোমা ছোঁড়ার প্রযুক্তি রয়েছে চীনের কাছে।

ব্রিটেনের কাছেও রয়েছে পারমাণবিক বোমা: দুইশো’র বেশি পারমাণবিক বোমা রয়েছে ব্রিটেনের কাছে। রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য এই দেশটি ১৯৫২ সালে প্রথম পারমাণবিক পরীক্ষা চালায়।

থেমে নেই ভারতও
ভারত প্রথম পারমাণবিক পরীক্ষা চালায় ১৯৭৪ সালে। দেশে এখন নব্বইটির বেশি পারমাণবিক বোমা রয়েছে। ভারত অবশ্য জানিয়ে রেখেছে, তারা আগে কোনও দেশকে আঘাত করবে না, আর যেসব দেশের পারমাণবিক বোমা নেই, সেসব দেশের বিরুদ্ধে ভারতীয় সেনা এ ধরনের বোমা ব্যবহার করবে না কোনওদিন।

পাকিস্তান
ইতিমধ্যে তিনবার প্রতিবেশি দেশ ভারতের সঙ্গে যুদ্ধে জড়িয়েছে পাকিস্তান। তাদের কাছে শতাধিক পারমাণবিক বোমা থাকার দাবি করলেও আদতে সংখ্যাটা জানা নেই কারও। সাম্প্রতিক সময়ে পারমাণবিক বোমার সংখ্যা বাড়িয়েছে দেশটি। অনেকে আশঙ্কা করেন, ভারতের সঙ্গে পাকিস্তানের লড়াই যেকোনও সময় পারমাণবিক যুদ্ধের রূপ নিতে পারে।

ইসরায়েলের পরমাণু বোমা নিয়ে ধোঁয়াশা
ইসরায়েল অবশ্য তাদের পরমাণু কর্মসূচি সম্পর্কে তেমন তথ্য জনসমক্ষে প্রকাশ করে না। দেশটিতে আশিটির মতো নিউক্লিয়ার ‘ওয়ারহেড’ আছে বলে ধারণা করা হয়।

উত্তর কোরিয়া সবার নিচে
এখন পর্যন্ত প্রকাশিত তথ্য অনুযায়ী, উত্তর কোরিয়ার কাছে দশটিরও কম পারমাণবিক বোমা রয়েছে। তবে তাদের নিজেদের এ ধরনের বোমা তৈরির সক্ষমতা রয়েছে কিনা, তা নিশ্চিত নয়।